

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯২৭

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৬. যখন কোনো মহিলার হায়েযের দিনগুলি ইসতিহাযার দিনগুলি সাথে মিশ্রিত হয়ে যায়

بَابُ إِذَا اخْتَلَطَتْ عَلَى الْمَرْأَةِ أَيَّامُ حَيْضِهَا فِي أَيَّام اسْتِحَاضَتِهَا

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ أَشْعَثَ بْنِ أَبِي الشَّعْثَاءِ الْمُحَارِبِيِّ عَنْ سَعِيدِ بُنِ جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ كَتَبَتْ إِلَيْهِ امْرَأَةٌ إِنِي قَدْ اسْتُحِضْتُ مُنْذُ كَذَا وَكَذَا فَبَلَغَنِي بُن جُبَيْرٍ عَنْ ابْنِ عَبَّاسٍ مَا نَجِدُ لَهَا غَيْرَ مَا قَالَ عَلِيُّ أَنَّ عَلِيًّا قَالَ تَعْتَسِلُ عِنْدَ كُلِّ صَلَاةٍ قَالَ ابْنُ عَبَّاسٍ مَا نَجِدُ لَهَا غَيْرَ مَا قَالَ عَلِيًّ إِسناده صحيح

বাংলা

৯২৭. সাঈদ্ ইবনু জুবাইর হতে বর্ণিত, ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন: একদা তাঁর নিকট এক মহিলা লিখে পাঠাল: 'এত এত সময় পর্যন্ত আমার ইসতিহাযা হয়েছে। তারপর আমার নিকট এ খবর পৌঁছল যে, আলী রাদ্বিয়াল্লাহু আনহু বলেছেন: সে প্রত্যেক সালাতের সময় গোসল করবে।' (একথা শুনে) ইবনু আব্বাস বললেন: আলী যা বলেছেন, তা ব্যতীত তার ব্যাপারে আমরা অন্য কিছু জানতে পারিনি।'[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আব্দুর রাযযাক নং ১১৭৩, ১১৭৮; ইবনু আবী শাইবা ১/১২৭ সহীহ সনদে; তাহাবী, শারহু মা'আনিল আছার ১/৯৯-১০০, ১০১ সহীহ সনদে; ইবনু হাযম, আল মুহাল্লা ২/২১৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সা'ঈদ ইবনু যুবায়র (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন